

## 💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

২৪৫. দাঁত কিংবা নখ দিয়ে কোন পশু বা পাখি জবাই করা

রাফি' বিন্ খাদীজ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: আমি যুল-'হুলাইফাহ্ নামক এলাকায় অবস্থানরত অবস্থায় নবী (সা.) কে জিজ্ঞাসা করছিলাম, আমরা তো আগামীতে শক্রর ভয় পাচ্ছি; অথচ আমাদের নিকট কোন ছুরি নেই। আমরা কি বাঁশের কঞ্চি জাতীয় কোন কিছু দিয়ে জবাই করতে পারবো? তখন নবী (সা.) বলেন:

مَا أَنْهَرَ الدَّمَ وَذُكِرَ اسْمُ اللهِ عَلَيْهِ فَكُلُوْهُ ، لَيْسَ السِّنَّ وَالظُّفُرَ ، وَسَأُحَدِّثُكُمْ عَنْ ذَلِكَ : أَمَّا السِّنُّ فَعَظْمٌ ، وَأَمَّا الظُّفُرُ فَمُدَى الْحَبَشَةِ

"যা রক্ত প্রবাহিত করে এবং তা দিয়ে জবাইয়ের সময় যে পশুর উপর ''বিস্মিল্লাহ্'' বলা হয় তা তোমরা খেতে পারবে। তবে দাঁত ও নখ দিয়ে নয়। আমি তোমাদেরকে এর কারণ বলছি। দাঁত তো হচ্ছে হাড় জাতীয়। আর নখ হচ্ছে ইথোপিওদের ছুরি মাত্র''।[1]

>

## ফুটনোট

[1] (বুখারী, হাদীস ২৪৮৮ মুসলিম, হাদীস ১৯৬৮)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11495

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন